

COVID-19 ভ্যাকসিন সম্পর্কিত প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী: Moderna (মডার্না)

COVID-19 অতিমরীর সময়কালে আমাদের দৈনন্দিন জীবনে অনেক পরিবর্তন ঘটাতে আমাদের অনেকের উপরই অনেক মানসিক চাপ গেছে। ভালো খবর এটাই যে এখন ভ্যাকসিন (শট) আছে, যা আপনাকে ও অন্যদেরকে COVID-19 হওয়া থেকে সুরক্ষিত থাকতে সাহায্য করবে। এই নতুন ভ্যাকসিন সম্পর্কে আপনার প্রশ্ন থাকা স্বাভাবিক এবং আমরা সেই উত্তর দিতে সাহায্যের জন্য রয়েছি। ভ্যাকসিন সম্পর্কে

কীভাবে COVID-19 ভ্যাকসিন আপনাকে সুরক্ষিত রাখবে:

কেন ভ্যাকসিন নেয়া জরুরি সেই বিষয়ে বিশেষজ্ঞরা প্রতিদিন নতুন তথ্য জানছেন। আমরা এখনও পর্যন্ত যা জানি:

- এটি আপনাকে COVID-19 হওয়া থেকে সুরক্ষা পেতে সাহায্য করবে। বিশেষজ্ঞরা বিশ্বাস করেন যে, এই ভ্যাকসিন আপনাকে অসুস্থ হওয়া থেকে সুরক্ষা দিতে পারে এমনকি আপনার COVID-19 হলেও। ভ্যাকসিন নেয়ার মাধ্যমে, আপনি আপনার চারপাশের মানুষজনকেও সুরক্ষিত রাখতে পারেন।
- এটি আপনাকে আরো নিরাপদ সুরক্ষা প্রদান করে। COVID-19 হলে কিছু প্রাকৃতিকভাবে অনাক্রম্যতা হতে পারে, কিন্তু বিশেষজ্ঞরা জানেন না এই অনাক্রম্যতা কতদিন থাকবে। ভ্যাকসিন আপনার শরীরকে অ্যান্টিবডি তৈরি করতে সাহায্য করবে, এটি ভাইরাসের সঙ্গে লড়াই করবে ও আপনাকে অসুস্থ হওয়া থেকে সুরক্ষিত রাখবে।
- অতিমারীটি বন্ধ করতে সাহায্য করার জন্য এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হবে। আপনার COVID-19 হলে, ভ্যাকসিনটি আপনার শরীরকে এই রোগের সঙ্গে লড়াই করতে সাহায্য করবে। ভ্যাকসিন নেয়া, শারীরিক দূরত্ব বজায় রাখা, মাস্ক পরা ও ঘনঘন আপনার হাত ধোয়া হল এই অতিমারী শেষ করতে সাহায্য করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পদক্ষেপগুলোর একটি।



ভ্যাকসিনটি কীভাবে কাজ করে?

COVID-19 এর মেসেঞ্জার RNA (mRNA) ভ্যাকসিন কীভাবে সুরক্ষা প্রদান করতে হয় তা আমাদের শরীরকে শেখায়, যা আমাদের শরীরকে রোগের সঙ্গে লড়াইতে সাহায্য করে। এটিতে COVID-19 ঘটায় এমন জীবন্ত ভাইরাস ব্যবহার করা হয় না।

- এটি আমাদের কোষগুলোকে বলে যে কীভাবে আমাদের ক্ষতি করে না এমন ছোট প্রোটিন যাকে "স্পাইক প্রোটিন" বলা হয়, তা তৈরি করতে হয়। যখন আমাদের শরীর দেখে যে এই স্পাইক প্রোটিন আমাদের শরীরের অংশ নয় তখন এটি একটি ইমিউন রেসপন্স তৈরি করতে শুরু করে যাতে আপনার শরীর শিখতে পারে কীভাবে COVID-19 এর সংক্রমণ থেকে নিজেকে সুরক্ষিত রাখা যায়।

ভ্যাকসিনটি কি নিরাপদ?

নতুন ভ্যাকসিন তৈরি করার সময় নিরাপত্তাই সবথেকে বেশি প্রাধান্য পায়। আমরা এখনও পর্যন্ত যা



কাদের ভ্যাকসিন পাওয়া উচিত?

COVID-19 ভ্যাকসিন উপলভ্য হলে প্রায় প্রত্যেকেই ভ্যাকসিন পেতে পারেন (এবং পাওয়া উচিত)।

- সামূহিক অনাক্রম্যতা বা হার্ড ইমিউনিটিতে পৌঁছাতে যত বেশি সংখ্যক মানুষের সম্ভব ভ্যাকসিন নেয়া গুরুত্বপূর্ণ। হার্ড ইমিউনিটি তখন অর্জন করা হবে যখন কমিউনিটির বৃহত অংশ রোগ থেকে সসামূহিক অনাক্রম্যতা পাবে। এর মানে হল যে রোগটির ছড়ানোর সম্ভাবনা কম ও কমিউনিটিটি সার্বিকভাবে সুরক্ষিত।

যদি আমি গর্ভবতী হই, গর্ভবতী হওয়ার চেষ্টা করছি বা স্তন্যপান করাচ্ছি তাহলে কি ভ্যাকসিন নিতে পারব?

হ্যাঁ, আপনি ভ্যাকসিন নিতে পারেন। এই মুহূর্তে, আপনার স্তন্যদুগ্ধ, গর্ভবস্থা বা গর্ভধারণ করার ক্ষমতা ক্ষতিগ্রস্ত হতে পারে এমন বিশ্বাস করার কোনো কারণ আমাদের কাছে নেই।

- আপনার যদি কোনো প্রশ্ন থাকে, তাহলে আপনার CHN ডাক্তারের সাথে কথা বলুন।

আমার **COVID-19** হয়ে থাকলেও কি আমি ভ্যাকসিন নিতে পারি?

হ্যাঁ, আপনি ভ্যাকসিন নিতে পারেন।

- কারণ, আপনার আবার COVID-19 হওয়ার সম্ভাবনা থাকতে পারে। তাই আপনার COVID-19 হয়েছে কিনা তা নির্বিশেষে ভ্যাকসিন নেয়া গুরুত্বপূর্ণ।

আমাকে কতগুলো শট নিতে হবে?

সম্পূর্ণ সুরক্ষার জন্য আপনাকে 2টি শট নিতে হবে।

- প্রথম শট নেয়ার 28 দিনের মধ্যে আপনাকে দ্বিতীয় শট নিতে ফিরে আসতে হবে।

ডোজ দুটি নেয়ার মধ্যে কি আমার **COVID-19** সংক্রমণ হতে পারে?

ডোজ নেয়ার মাঝে আপনার **COVID-19** হওয়ার সম্ভাবনা আছে, তবে সম্ভাবনা কতটা তা সম্পর্কে বর্তমানে আমাদের কাছে পর্যাপ্ত তথ্য নেই।

- নিজেকে সুরক্ষিত রাখার জন্য মাস্ক পরা ও অন্তত 6 ফুট দূরত্ব বজায় রাখা আপনার পক্ষে গুরুত্বপূর্ণ।

যদি আমি ভ্যাকসিন চাই, তাহলে কখন পাব?

নির্দিষ্ট কিছু গোষ্ঠীর মানুষকে প্রথমে ভ্যাকসিন দেয়া হবে।

- ভ্যাকসিন আরো বেশি লভ্য হলে, আমরা আপনাকে জানাব কখন আপনি তা পাবেন।

ভ্যাকসিনের খরচ কত?

CHN-এ, আমরা এখানে আপনার প্রশ্নের উত্তর দিতে ও এই ভ্যাকসিন সম্পর্কে আপনার কোনো উদ্বেগ থাকলে তা সমাধান করার জন্য রয়েছে। আজই কোনো CHN ডাক্তার বা নার্সের সঙ্গে কথা বলুন!